**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22–07–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের মনোনয়ন পত্র প্রত্যাহারের আজ ছিল শেষ দিন ।**

**(২) রাজ্যের সমস্ত বিদ্যালয়গুলোতে আজ থেকে 'শিক্ষা সপ্তাহ' কর্মসূচি শুরু হয়েছে ।**

**(৩) সংসদের বাজেট অধিবেশন আজ শুরু হয়েছে। আগামীকাল অর্থমন্ত্রী নির্মলা সীতারামন লোকসভায় ২০২৪-২৫ সালের কেন্দ্রীয় বাজেট পেশ করবেন ।**

**(৪) সরকার জানিয়েছে গত সাত বছরে প্রশ্নপত্র ফাঁসের কোনও প্রমাণ নেই এবং কথিত NEET UG প্রশ্নপত্র ফাঁসের ক্ষেত্রে কিছুই লুকোনো হচ্ছে না ।**

**(৫) ঘরোয়া মহিলা ফুটবল লিগে বিশ্রামগঞ্জ প্লে সেন্টার চ্যাম্পিয়ন হয়েছে ।**

******************************************

**Withdrawal of nomination :**

রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের মনোনয়ন পত্র প্রত্যাহারের আজ শেষ দিন। রাজ্যের সব জেলার চিত্র এখনো জানা যায়নি।

সিপাহীজলা জিলা পরিষদের ১৩ জন প্রার্থী আজ তাদের মনোনয়ন পত্র প্রত্যাহার করেছেন। জিলা পরিষদের সহকারী রিটার্নিং অফিসার তথা ডেপুটি কালেক্টর সোমেন দেবনাথ জানিয়েছেন, সি.পি.আই এর ১, সি.পি.আই.এমের ৭ ও কংগ্রেস দলের ৫ জন প্রার্থী তাদের মনোনয়ন প্রত্যাহার করেছেন। উল্লেখ্য ১৭ আসন বিশিষ্ট সিপাহীজলা জিলা পরিষদে মোট ৫১ জন প্রার্থী মনোনয়নপত্র জমা করেছিলেন। অন্যদিকে জেলার অন্তর্গত বিশালগড় ব্লকে পঞ্চায়েত নির্বাচনের ৮ জন কংগ্রেস প্রার্থী ও বিজেপি দলের ১ প্রার্থী তাদের মনোনয়ন প্রত্যাহার করেছেন বলে জানিয়েছেন বিশালগড়ের বি.ডি.ও তথা রিটার্নিং অফিসার নান্টু দেব। কাঠালিয়া ব্লকে গ্রাম পঞ্চায়েতের ১৬ জন প্রার্থী তাদের মনোনয়ন প্রত্যাহার করেছেন বলে জানিয়েছেন অতিরিক্ত সমষ্টি উন্নয়ন আধিকারিক রতন নমঃ। তার মধ্যে সি.পি.আই.এমের ৯, কংগ্রেসের ৬ ও একজন নির্দল প্রার্থী রয়েছেন।

***************************

**Bangladesh Student-ICP :**

বাংলাদেশের কোটা সংক্রান্ত বিষয়কে কেন্দ্র করে উদ্ভূত পরিস্থিতির জন্য আজ সোনামুড়ার শ্রীমন্তপুর স্থলবন্দর দিয়ে কুমিল্লা অঞ্চলের মেডিকেল পড়ুয়া ১৯ জন ছাত্র-ছাত্রী ভারতে এসেছেন। আজ শ্রীমন্তপুর স্থলবন্দর পরিদর্শন করেন সিপাহীজলা জেলার জেলাশাসক ডক্টর সিদ্ধার্থ শিব জসওয়াল। সীমান্তের জিরো পয়েন্টে তিনি ছাত্রদের সঙ্গে কথা বলেন তিনি। তিনি জানান গত শনিবার থেকে শুরু করে আজ পর্যন্ত ৪৯২ জন ছাত্র-ছাত্রী এই বন্দর দিয়ে নিজ দেশে ফিরে এসেছেন। তাদের বিএসএফ সহ প্রশাসনের তরফে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। তাদের আগরতলার ভগৎসিং যুব আবাস পর্যন্ত

পৌঁছে দেওয়া হচ্ছে সরকারি ভাবে। তাছাড়া মেঘালয়ের ৪০ জনের মতো ছাত্রকে সরাসরি সে রাজ্যে পাঠানো হয়েছে। জেলাশাসকের সঙ্গে আজ শ্রীমন্তপুরে উপস্থিত ছিলেন বি.এস.এফের কমান্ডেন্ট রাকেশ সিনহা, এসিস্টেন্ট কমান্ডেন্ট সুনীল কুমার সিং, সোনামুড়ার মহকুমা শাসক অরূপ দেব প্রমুখ।

আগরতলা আইসিপি দিয়ে আজ ৩০ জন ছাত্রছাত্রী বাংলাদেশ থেকে আগরতলা এসে পৌঁছেছেন। এদের মধ্যে পাঁচজন নেপালের ছাত্র-ছাত্রী বাকি ২৫ জন ভারতীয়।

****************************

**Nipun Tripura(NEP) :**

জাতীয় শিক্ষানীতি ২০২০-র চতুর্থ বর্ষপূর্তি উদযাপন উপলক্ষে সারা দেশের সঙ্গে আজ থেকে রাজ্যের সমস্ত বিদ্যালয়গুলোতে 'শিক্ষা সপ্তাহ' কর্মসূচি শুরু হয়েছে।

আজ আগরতলার উমাকান্ত ইংলিশ মিডিয়াম স্কুলে বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা নৃপেন্দ্র চন্দ্র শর্মা জানান সপ্তাহব্যাপী এই কর্মসূচির অঙ্গ হিসাবে প্রতিদিন থাকছে নানা কর্মসূচি। তিনি বলেন, ক্রীড়া বিষয়ক কর্মসূচীর দিন রাজ্যে প্রতিটি বিদ্যালয়ের সামনে ছাত্রছাত্রীরা ড্রাগের বিরুদ্ধে সচেতনতামূলক অনুষ্ঠানে অংশ নেবে।

বুনিয়াদী শিক্ষা দপ্তরের নিপুন ত্রিপুরা শাখার উদ্যোগে আগামীকাল থেকে সারা রাজ্যে শুরু হচ্ছে এন্ডলাইন এসেসমেন্ট সার্ভে। চলবে ২৬শে জুলাই পর্যন্ত। উল্লেখ্য প্রায় ৪৭,০০০ ছাত্রছাত্রী নিয়ে সারা দেশের মধ্যে ত্রিপুরাতেই এই প্রথম এধরণের সার্ভে করা হচ্ছে।

********************************

**Biplab kumar Deb :**

সাংসদ বিপ্লব কুমার দেব আজ লোকসভায় উদয়পুরের ত্রিপুরা সুন্দরী মন্দিরের প্রসাদ প্রকল্প তথা মাতাবাড়িকে নতুন রূপে সজ্জিত করার বিষয়ে কেন্দ্রীয় পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াতের দৃষ্টি আকর্ষণ করেন। শ্রী দেব ভক্তদের সুবিধার্থে পারিপার্শ্বিক পরিকাঠামো উন্নয়নে, অবশিষ্ট অর্থ বরাদ্দের মাধ্যমে নির্মাণ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার বিষয়টিও উত্থাপন করেন। কেন্দ্রীয় পর্যটন মন্ত্রী বিষয়টি দ্রুত অগ্রগতির সম্পর্কে আশ্বস্ত করেন বলে জানা গেছে।

******************************

**Sushanta Choudhury :**

খাদ্য জনসংভরণ এবং ক্রেতা বিষয়ক দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরহিত্যে আজ এলপিজি সিলিন্ডার ও কেরোসিন তেল সরবরাহ সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে মহাকরণে এক বৈঠক অনুষ্ঠিত হয়। এল.পি.জি সিলিন্ডার ও কেরোসিন তেল এর মতো অত্যাবশ্যকীয় পেট্রোপণ্যের জন্য জনগণ যাতে কোন ধরনের ভোগান্তির শিকার না হয় তার জন্য বৈঠকে বিস্তারিত আলোচনা হয়। বৈঠকে উপস্থিত ছিলেন খাদ্য জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের অধিকর্তা নির্মল অধিকারী, সদর মহকুমা শাসক মানিক লাল দাস, ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেড এবং ত্রিপুরা ন্যাচারাল গ্যাস কোম্পানি লিমিটেড এর উচ্চপদস্থ আধিকারিকগণ।

*******************************

**Bikash Debbarma :**

উপজাতি কল্যাণ এবং হস্ততাঁত ও হস্তকারু শিল্পমন্ত্রী বিকাশ দেববর্মা আজ আগরতলায় তাঁর দায়িত্বে থাকা দুটি দপ্তরে আচমকা পরিদর্শনে যান। মন্ত্রী শ্রী দেববর্মা পরিদর্শনের পর বেশিরভাগ সরকারি কর্মচারী সঠিক সময়ে অফিসে উপস্থিত না থাকায় অসন্তোষ প্রকাশ করেন। তিনি জানান এই কারণে এখন থেকে সকাল সোয়া দশটায় তাঁর হোয়াটস অ্যাপ নম্বরে কর্মচারীদের হাজিরা খাতার ছবি তুলে পাঠানোর নির্দেশ দিয়েছেন তিনি।

আজ পরিদর্শনের সময় যে কর্মচারীরা অনুপস্থিত ছিলেন তাদের কারণ দর্শানোর নির্দেশ দেয়া হয়েছে।

****************************

**Budget Session :**

সংসদের বাজেট অধিবেশন আজ শুরু হয়েছে। অধিবেশন চলবে ১২ই আগস্ট পর্যন্ত। আগামীকাল অর্থমন্ত্রী নির্মলা সীতারামন লোকসভায় ২০২৪-২৫ সালের কেন্দ্রীয় বাজেট পেশ করবেন।

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আজ লোকসভায় অর্থনৈতিক সমীক্ষা পেশ করেন। তিনি বলেন ২০২৩- ২৪ অর্থ বছরের ৬.৫% থেকে ২০২৪-২৫ সালে আনুমানিক ৭ শতাংশ প্রকৃত মোট দেশজ উৎপাদন বা GDP বৃদ্ধি হবার সম্ভাবনা।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, আগামীকাল যে কেন্দ্রীয় বাজেট পেশ করা হবে, তা আগামী পাঁচ বছরের যাত্রার দিকনির্দেশনা নির্ধারণ করবে এবং ২০৪৭ সালে বিকশিত ভারতের স্বপ্ন পূরণের ভিত্তি স্থাপন করবে।

আজ বাজেট অধিবেশন শুরু হওয়ার আগে সংসদের বাইরে প্রধানমন্ত্রী সাংবাদিকদের বলেন, সাম্প্রতিক লোকসভা নির্বাচনে জনগণ তাদের রায় দিয়েছেন এবং এখন সমস্ত রাজনৈতিক দলকে আগামী পাঁচ বছর দেশের জন্য একসঙ্গে লড়াই করতে হবে। শ্রী মোদি বিরোধী দলগুলির কথিত নেতিবাচক রাজনীতির সমালোচনা করে বলেন যে তারা তাদের ব্যর্থতা লুকানোর জন্য সংসদের সময় নষ্ট করেছে। প্রধানমন্ত্রী রাজনৈতিক দলগুলিকে দলীয় বিষয়ের ঊর্ধ্বে উঠে আগামী সাড়ে চার বছর দেশের জন্য নিজেদের উৎসর্গ করার আহ্বান জানান।

****************************

**NEET Parliament :**

সরকার আজ জোর দিয়ে বলেছে যে গত সাত বছরে প্রশ্নপত্র ফাঁসের কোনও প্রমাণ নেই এবং কথিত NEET UG প্রশ্নপত্র ফাঁসের ক্ষেত্রে কিছুই লুকোনো হচ্ছে না। লোকসভায় আজ প্রশ্নোত্তর চলাকালীন শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান বলেছেন, জাতীয় পরীক্ষা সংস্থা গঠনের পর থেকে ২৪০টি পরীক্ষা পরিচালনা করেছে এবং NTA দ্বারা পরিচালিত পরীক্ষায় চার কোটি ৫০ লক্ষেরও বেশি শিক্ষার্থী পরীক্ষায় বসেছে। শ্রী প্রধান এই বিষয়ে বিরোধী দলের নেতা রাহুল গান্ধীকে উদ্দেশ্য করে বলেছেন যে দেশের পরীক্ষা ব্যবস্থা নিয়ে তাঁর  মন্তব্য নিন্দনীয়।

প্রশ্নপত্র ফাঁসের বিষয়ে বিরোধী দলগুলির অভিযোগ প্রত্যাখ্যান করে তিনি বলেন, পাটনার কাছে শুধুমাত্র একটি জায়গায়, NEET-UG পরীক্ষার সময় অসঙ্গতি এবং অসদাচরণের খবর পাওয়া গেছে। তিনি বলেন, সিবিআই বিষয়টি নিয়ে তদন্ত করছে এবং NEET পরীক্ষার বিষয়টি সুপ্রিম কোর্টে বিচারাধীন।

এর আগে, শ্রী গান্ধী কথিত প্রশ্নপত্র ফাঁসের প্রসঙ্গ উত্থাপন করে বলেন, দেশের পরীক্ষা ব্যবস্থায় খুব গুরুতর সমস্যা রয়েছে। তিনি এই সমস্যার সমাধানে সরকারের পদক্ষেপ জানতে চান। সমাজবাদী পার্টির নেতা অখিলেশ যাদব এই বিষয়ে শিক্ষামন্ত্রী শ্রী প্রধানের পদত্যাগ দাবি করেন।

আরএসপি-র এনকে প্রেমচন্দ্রনও আজ সভায় প্রশ্নপত্র ফাঁসের বিষয়টি উত্থাপন করেন। শিক্ষামন্ত্রীর উত্তরে অসন্তুষ্ট হয়ে বিরোধী দলগুলি লোকসভা থেকে ওয়াকআউট করে।

রাজ্যসভায়, অধিবেশনের প্রথম দিনে আজ সকালে চেয়ারম্যান জগদীপ ধনখর সদস্যদের আলোচনা ও বিতর্কের নীতিগুলি বজায় রাখার জন্য, শক্তিশালী সংসদীয় বক্তৃতার জন্য অনুকূল পরিবেশ তৈরি করতে এবং জাতির সামনে একটি উদাহরণ স্থাপন করার আহ্বান জানান। তিনি সদস্যদের জনগণের কল্যাণে ঐক্যবদ্ধভাবে কাজ করারও আহ্বান জানান।

*****************************

**03 new law :**

নতুন তিন ফৌজদারি আইন সম্পর্কে সাধারন নাগরিকদের সচেতন করতে আজ সাব্রুমের মনুবঙ্কুল ভিলেজে শিবিরের আয়োজন করা হয়। মহকুমা আইনসেবা কমিটির উদ্যোগে আয়োজিত শিবিরে আলোচনা করেন আইনজীবী রাধিকা রঞ্জন বসাক সহ অন্যরা। শ্রী বসাক বলেন, নতুন ফৌজদারি আইনে অত্যন্ত প্রয়োজনীয় সাক্ষী সুরক্ষার জন্য বিশেষ বিধান রাখা হয়েছে। এছাড়া কেউ মামলা নথিভুক্ত করলে পুলিশ তাঁকে ৯০ দিনের মধ্যে তদন্তের অগ্রগতি সম্পর্কে অবহিত করবে।

*****************************

**Sawan Yatra :**

ঊনকোটি জেলা সদর কৈলাশহরে আজ পূণ্য শ্রাবণ যাত্রা উপলক্ষে আজ সকালে মনুনদীর দশমীঘাটে বিশেষ পূজার্চনা ও জলভরা পর্ব অনুষ্ঠিত হয়। ঐ জল বহন করে প্রায় ১১ কিলোমিটার খালি পায়ে হেঁটে শৈবতীর্থ ঊনকোটিতে পৌঁছান পূর্ণার্থীরা। ঊনকোটিতে ঊনকোটিশ্বর শিবের মাথায় জল ঢেলে অভিষেকপর্ব অনুষ্ঠিত হয়।

আগরতলাতেও সেন্ট্রাল রোড শিববাড়ি, লক্ষ্মীনারায়ন বাড়ি ও ইন্দ্রনগর কালীবাড়ি সহ বিভিন্ন মন্দিরে পুন্যার্থীরা শিব পূজা করেন।

******************************

**Deputation :**

মিড ডে মিল কর্মীদের সরকারী স্বীকৃতি দেওয়া সহ ১০ দফা দাবিতে আজ শিক্ষা দপ্তরের সামনে বিক্ষোভ প্রদর্শন করে সিআইটিইউর অন্তর্গত ত্রিপুরা মিড ডে মিল ওয়ার্কার্স ইউনিয়ন রাজ্য কমিটির সদস্যরা। সেখান থেকে এক প্রতিনিধি দল শিক্ষা দপ্তরের অধিকর্তার কাছে ডেপুটেশন প্রদান করে। তাদের অন্যান্য দাবিগুলির মধ্যে রয়েছে বাজারদরের সঙ্গে সংগতি রেখে বেতন বৃদ্ধি, মিড ডে মিল কর্মীদের প্রতি বছর পোশাক ও উৎসব এক্সগ্রেসিয়া দেওয়া, ছাঁটাই কর্মীদের পুনর্বহাল করা ইত্যাদি।

***************************

**Colonel Mahim Thakur :**

কর্নেল মহিম ঠাকুরের ১৬০তম জন্ম জয়ন্তী উপলক্ষ্যে মহিম ঠাকুর স্মৃতি সংস্থার উদ্যোগে আজ রাজধানীর কর্নেল চৌমুহনীতে তাঁর পূর্ণাবয়ব মূর্তির পাদদেশে এক শ্রদ্ধার্ঘ্য নিবেদন অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন সংস্থার সম্পাদিকা হেলেন দেববর্মা। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের কর্পোরেট ভাস্বতী দেববর্মা, কর্নেল মহিম ঠাকুর স্মৃতি সংস্থার সভানেত্রী নিভা দেববর্মা সহ অন্যান্য সদস্য সদস্যারা ও স্কুলের ছাত্রীরা। অনুষ্ঠানে হেলেন দেববর্মার লেখা "বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও ত্রিপুরার কর্ণেল বাড়ি"- বইটির আবরণ উন্মোচন করা হয়।

*****************************

**Women's Football :**

ঘরোয়া মহিলা ফুটবল লিগে বিশ্রামগঞ্জ প্লে সেন্টার চ্যাম্পিয়ন হয়েছে। আজ উমাকান্ত মিনি স্টেডিয়ামে সকালে অনুষ্ঠিত বিশ্রামগঞ্জ প্লে সেন্টার ও জম্পুইজলা প্লে সেন্টারের লিগের খেলাটি ১-১ গোলে ড্র হয়। ফলে উভয় দল পয়েন্ট ভাগ করে। বিশ্রামগঞ্জ প্লে সেন্টার ২১ পয়েন্ট নিয়ে চ্যাম্পিয়ন ও জম্পুইজলা ২০ পয়েন্ট নিয়ে রানার্স হয়। আসরের শেষে উভয় দলকে পুরষ্কার তুলে দেয়া হয়। অনুষ্ঠানে পদ্মশ্রী অলিম্পিয়ান জিমনাস্ট দীপা কর্মকার, দ্রোণাচার্য কোচ বিশ্বেশ্বর নন্দী, রাজ্যের বরিষ্ঠ সাংবাদিক সুবল কুমার দে এবং টিএফএ সভাপতি প্রণব সরকার উপস্থিত ছিলেন।

*****************************

**Second Division :**

ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবলের খেলায় আজ কল্যাণ সমিতি জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় কল্যাণ সমিতি ৯-১ গোলের বড় ব্যবধানে বীরেন্দ্র ক্লাবকে পরাজিত করে।

*****************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ দশমিক এক ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সর্তকতা জারি করা হয়েছে।

*****************************